

জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

জাতিতে আন্তর্জাতিক নারী দিবস পালিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৮ মার্চ ২০২০।

‘আমি সমতার প্রজন্ম, উপলদ্ধিতে নারী অধিকার’ প্রতিপাদ্য বিষয় ধারণ করে আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে। সকাল দশটায় বিজনেস স্টাডিজ অনুষ্টিত চত্বরে আনন্দ শোভাযাত্রার মাধ্যমে এ দিবসের কর্মসূচি উদ্বোধন করেন প্রধান অতিথি প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আমির হোসেন। আনন্দ শোভাযাত্রা উদ্বোধনকালে প্রধান অতিথি উপস্থিত সকলকে আন্তর্জাতিক নারী দিবসের গুণে জ্ঞান জানান। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারি এবং জাবি স্কুল ও কলেজের শিক্ষক, শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন। আনন্দ শোভাযাত্রাটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে গিয়ে শেষ হয়। বেলা এগারোটায় জহির রায়হান মিলনায়তনে এ বিষয়ে একটি আলোচনা সভা অনুষ্টিত হয়। সমাজবিজ্ঞান অনুষ্টিদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. রাশেদা আখতারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণ দেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আমির হোসেন। তিনি বলেন, নারী-পুরুষের সম্মিলিত প্রচেষ্টায় জাতি এগিয়ে যাবে। সমাজের একটা অংশকে বাদ দিয়ে রাষ্ট্রের উন্নয়ন সম্ভব নয়। আইন করেও সমতা অর্জন করা যাবে না। নীতি-নৈতিকতা ও মূল্যবোধের ইতিবাচক পরিবর্তনের মাধ্যমেই কেবল সমাজে সমতা রক্ষা করা সম্ভব হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম, কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. মো. আব্দুল মান্নান চৌধুরী। মূল আলোচকের বক্তব্যে বাংলাদেশ আওয়ামী লীগের কার্যনির্বাহী পরিষদের সদস্য মারুফা আক্তার পপি বলেন, নারী-পুরুষের সমতা এবং অধিকারের জন্য নির্দিষ্ট কোনো একটি দিন নয়। বছরের প্রতিটি দিনই নারী-পুরুষের সমতা ও অধিকারের। নারী-পুরুষ মিলে-মিশে বিশ্ব সংসার গড়ে তুলতে হবে। নারীর ক্ষমতায়নের মধ্যদিয়ে নারীকে পুরুষের সমান্তরাল করতে হবে। বর্তমান সরকার নারী-পুরুষের ক্ষমতায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে। বিভিন্ন ক্ষেত্রে নারীরা দায়িত্ব পাওয়ার পর নারীরা তাদের যোগ্যতার স্বাক্ষর রাখছেন। সবশেষে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনার মধ্যদিয়ে শেষ হয় নারী দিবসের কর্মসূচি।

মো. আবদুস সালাম মিয়া
পরিচালক (ভারপ্রাপ্ত)

